

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
ভূমি বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.২২৮.০৭.০০২.২৩ নথির বিষয়: পদ্মা (যশলদিয়া) পানি শোধনাগার নির্মান প্রকল্পের আওতায় এল.এ কেস নং ০১/১৩-১৪, ০৬/১৭-১৮, ০১/১৮-১৯ এবং ০৪/১৮-১৯ এর মাধ্যমে অধিগ্রহণকৃত ৮১.৮৫৩৫ একর জমির রেকর্ডীয় মালিকানাধীন আর.এস পর্চা উত্তোলন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: পদ্মা (যশলদিয়া) পানি শোধনাগার নির্মান প্রকল্পের আওতায় এল.এ কেস নং ০১/১৩-১৪, ০৬/১৭-১৮, ০১/১৮-১৯ এবং ০৪/১৮-১৯ এর মাধ্যমে অধিগ্রহণকৃত ৮১.৮৫৩৫ একর জমির রেকর্ডীয় মালিকানাধীন আর.এস পর্চা উত্তোলন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ৭/৯/২৩ ৫:১১ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সদয় জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার পদ্মা (যশলদিয়া) পানি শোধনাগার নির্মান প্রকল্পের আওতায় মুন্সিগঞ্জ জেলার লৌহজং উপজেলা ও শ্রীনগর উপজেলায় এল.এ কেস নং ০১/১৩-১৪ এর মাধ্যমে ৭৯.৮৬৫০ একর, এল.এ কেস নং ০৬/১৭-১৮ এর মাধ্যমে ০.৫৫০০ একর, এল.এ কেস নং ০১/১৮-১৯ এর মাধ্যমে ০.৭৭২৫ একর, এল.এ কেস নং ০৪/১৮-১৯ এর মাধ্যমে ০.৬৬৬০ একর জমি অধিগ্রহণ করা হয়। পদ্মা (যশলদিয়া) পানি শোধনাগার নির্মান প্রকল্পের আওতায় বর্ণিত ০৪ (চার) টি এল.এ কেস এর মাধ্যমে মোট ৮১.৮৫৩৫ একর জমি অধিগ্রহণ করা হয় (এল.এ কেস সমূহের গেজেট সংযুক্ত)।

সংযুক্তিসমূহ (১):

১। এল.এ কেস সমূহের গেজেট।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ৭/৯/২৩ ৫:১১ অপরাহ্ন

চলতি ২০২৩-২৪ অর্থ বছরে ভূমি বিভাগের তত্ত্বাবধানে মুন্সিগঞ্জ জেলার লৌহজং ও শ্রীনগর উপজেলায় ঢাকা ওয়াসার অধিগ্রহণকৃত জমি সমূহ ঢাকা ওয়াসার অনুকূলে নামজারী কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়ে যোগাযোগ করে আলোচনা মোতাবেক নামজারী করার লক্ষ্যে অধিগ্রহণকৃত জমির রেকর্ডীয় মালিকানার দালিলিক তথ্যাদি সংগ্রহ ও অনলাইনে উক্ত তথ্য সংযুক্ত করে আবেদন দাখিলের লক্ষ্যে উক্ত জমির আর.এস রেকর্ডীয় পর্চা অত্যাবশ্যকীয় প্রয়োজন থাকায় আর.এস পর্চা উত্তোলন করতে হয়েছে।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ৭/৯/২৩ ৫:১৪ অপরাহ্ন

এল.এ কেস নং ০১/১৩-১৪ এর মাধ্যমে অধিগ্রহণকৃত ৭৯.৮৬৫০ একর জমি মধ্যে লৌহজং উপজেলায় ০৩ (তিন) টি মৌজায় ৩৬.০২৫০ একর জমি ঢাকা ওয়াসার অনুকূলে নামজারী করার জন্য সংশ্লিষ্ট জমির রেকর্ডীয় মালিকানার তথ্যাদি সংযুক্ত করে সহকারী কমিশনার (ভূমি), লৌহজং, মুন্সিগঞ্জ বরাবর অনলাইনে আবেদন দাখিল করা হয়েছে (আবেদনের কপি সংযুক্ত)। পর্যায়ক্রমে অবশিষ্ট জমির নামজারী করার জন্য আবেদন দায়ের করা হবে।

সংযুক্তিসমূহ (৩):

১। বিলকালিনী মৌজার আবেদন.pdf

২। উত্তর মেদিনীমন্ডল মৌজার আবেদন.pdf

৩। কান্দিপাড়া মৌজার আবেদন.pdf

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ৭/৯/২৩ ৫:১৫ অপরাহ্ন

এল.এ কেস নং ০১/১৩-১৪, ০৬/১৭-১৮, ০১/১৮-১৯ এবং ০৪/১৮-১৯ এর মাধ্যমে অধিগ্রহণকৃত ৮১.৮৫৩৫ একর জমি নামজারী করার জন্য মুন্সিগঞ্জ জেলার লৌহজং উপজেলায় ০৪ (চার) টি মৌজায় ১৩১ দাগ এবং শ্রীনগর উপজেলায় ০৫ টি মৌজায় ১৪২ দাগ সহ ০২ (দুই) টি উপজেলায় ০৯ মৌজায় ২৭৩ টি দাগের অনুকূলে ২৬১

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

(দুইশত একষট্টি) টি আর.এস পর্চা সংগ্রহ করা হয়েছে। বর্নিত ২৬১ (দুইশত একষট্টি) টি আর.এস পর্চা সংগ্রহ বাবদ নিম্ন বর্ণিত টাকার প্রয়োজন হবে।

(ক) আর.এস পর্চা $২৬১ \times ৪৫০ = ১,১৭,৪৫০/-$

মোটঃ ১,১৭,৪৫০/-

কথায়ঃ এক লক্ষ সতেরো হাজার চারশত পঞ্চাশ টাকা মাত্র।

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ৭/৯/২৩ ৫:১৫ অপরাহ্ন

এমতাবস্থায়, উপরোক্ত বর্ননার আলোকে টাকা ওয়াসার পদ্মা (যশলদিয়া) পানি শোধনাগার নির্মান প্রকল্পের আওতায় এল.এ কেস নং ০১/১৩-১৪, ০৬/১৭-১৮, ০১/১৮-১৯ এবং ০৪/১৮-১৯ এর মাধ্যমে অধিগ্রহণকৃত ৮১.৮৫৩৫ একর জমি নামজারী করার জন্য ২৬১ (দুই শত একষট্টি) টি আর.এস পর্চা সংগ্রহ করণ বাবদ মোট ১,১৭,৪৫০/- (এক লক্ষ সতেরো হাজার চারশত পঞ্চাশ) টাকা মাত্র “ভূমি রক্ষনাবেক্ষণ খাত” হতে উপ-সচিব ভূমি বিভাগ, ঢাকা ওয়াসার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসাবে প্রদান করা যায়। উল্লেখিত টাকা বিল-ভাউচার এর মাধ্যমে সমন্বয়ের জন্য হিসাব বিভাগে ভাউচার/মানিরিসিট প্রেরণ করা হবে। প্রস্তাব সদয় অনুমোদন দেয়া যায়। সবিনয়ে পেশ করা হলো।

৭/৯/২৩ ৫:২৬ অপরাহ্ন
মোঃ সাইমুন ইসলাম
সার্ভেয়ার
ভূমি বিভাগ

৭/৯/২৩ ৫:৫৯ অপরাহ্ন
মোঃ খবির হোসেন
সহকারী সচিব (চলতি দায়িত্ব)
ভূমি বিভাগ

৭/৯/২৩ ৬:৩৬ অপরাহ্ন
শামীম নাজিবা
উপ-সচিব
ভূমি বিভাগ

১০/৯/২৩ ৮:৪১ পূর্বাহ্ন
মোঃ আক্তারুজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) (অতিরিক্ত
দায়িত্ব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর

১০/৯/২৩ ৮:৪১ পূর্বাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ১৬/৯/২৩ ৫:২৩ অপরাহ্ন

Okay

১৬/৯/২৩ ৫:২৩ অপরাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

১৬/৯/২৩ ৬:২৯ অপরাহ্ন
শামীম নাজিবা
উপ-সচিব
ভূমি বিভাগ

১৬/৯/২৩ ৬:২৯ অপরাহ্ন
মোঃ সাইমুন ইসলাম
সার্ভেয়ার
ভূমি বিভাগ

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা